# উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

## আগস্ট, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১৭/০৮/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১১:৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন ।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা ।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা ।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা ।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা । .

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১৩/০৭/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর প্রতিনিধি সভায় জানান, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। তাই প্রতিটি বাড়িতে এবং পাশপাশে কোথাও যেন আবদ্ধ জলাশয়ের মধ্যে মশা বিস্তার লাভ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন হওয়ার আহবান জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১। বিস্তারিত আলোচনায় ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, চলমান খরিপ-২ মৌসুমে রোপা আমন ফসল আবাদের লক্ষ্যমাত্রা ১৫২৫০ হেক্টর। যার মধ্যে অদ্যাবধি ১১৬০ হেক্টর আবাদ এলাকা অর্জিত হয়েছে এবং রোপন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে সার পরিস্থিতি ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, বর্তমানে গরুর লাম্পি স্কিন রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। রোগটি মূলত মশা ও মাছির মাধ্যমে ছড়ায়। এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক ভ্যাকসিনেশন কার্যক্রম ও সচেতনতামূলক উঠান বৈঠক চলমান রয়েছে।<br>তিনি জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসের মধ্যে দিয়ে শিশু নিকেতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যাতায়াতের | বিস্তারিত আলোচনায় শিশু নিকেতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার রাস্তার গেটটি উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ক্যাম্পাসের দক্ষিণ দিকে নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া হাট-ইজারাদারের সাথে | ১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>২) উপজেলা শিক্ষা অফিসার<br>৩) |

| | | | |
|---|---|---|---|
| | রাস্তার গেইট দক্ষিণ দিকে করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা শিক্ষা অফিসারের সহায়তা কামনা করেন।<br>এছাড়া কাহারোল হাট উত্তরবঙ্গের অন্যতম পশুর হাট হওয়ায় পশুর বিভিন্ন রোগ সংক্রমন প্রতিরোধের জন্য তিনি প্রতি হাটের আগে এবং পরে ব্লিচিং পাউডার স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | সমন্বয় করে কাহারোল হাটে নিয়মিত ব্লিচিং পাউডার স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউ,পি |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, ২৪-৩০ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ সুন্দর ও সুষ্ঠুভাবে পালিত হয়েছে এবং উপজেলা মৎস্য অফিসার সকলকে ধন্যবাদ জানান। তিনি জানান আগামী ১৯/০৮/২০২৩ তারিখে রাজস্ব খাতের আওতায় ৯টি উন্মুক্ত জলাশয় এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা হবে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, শীঘ্রই সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া ভিক্ষুক পুনর্বাসনের জন্য প্রতিজন ৫০,০০০/- টাকা হারে বরাদ্দ পাওয়া গেছে এবং বীর নিবাস নির্মাণের জন্য ১৮টি আবেদন পাওয়া গেছে। সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর ফাইনাল খেলা চলতি মাসেই অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>তিনি জানান প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আইডি করার জন্য জন্ম নিবন্ধন সনদের প্রয়োজনীয়তা রয়েছে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>আলোচনায় ৪নং তারগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান, | বিস্তারিত আলোচনায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর ফাইনাল খেলা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>বিস্তারিত আলোচনায় ৪নং তারগাঁও ইউনিয়নের কাটনা সরকারি | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক ৪নং তারগাঁও ইউনিয়নের কাটনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে অন্যত্র বদলীপূর্বক নতুন শিক্ষক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন। | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে অন্যত্র বদলীপূর্বক নতুন শিক্ষক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন.সমস্যা নাই।<br>এছাড়া যে কোন দুর্যোগে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসকে অবহিত করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, সুন্দরপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর অতীব প্রয়োজন। সীমানা প্রাচীরের অভাবে সরকারি জমি বেদখল হচ্ছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান, কাহারোল উপজেলার মোট ৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে Wash Block এর কাজ চলমান রয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ভ্রাম্যমান প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ আরম্ভ করা হবে।<br>তিনি জানান কাশিপুর আবাসন প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে কবুলিয়ত দলিল হস্তান্তর না করায় সেখানে ৪০টি পরিবারের মাঝে ঋণ কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। | কাশিপুর আবাসন প্রকল্পের উপকারভোগীদের মাঝে দ্রুত কবুলিয়ত দলিল হস্তান্তর করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুরকে অনুরোধ | ১)সহকারী কমিশনার (ভূমি)<br>২)উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | করা হয়।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, ঋণ বিতরণ এবং আদায় ভালভাবে সম্পন্ন হচ্ছে। আবর্তক ঋণ ২১,৮৪,০০০/- লক্ষ টাকা বিতরণ ও ২১,০০,০০০/- লক্ষ টাকা আদায় হয়েছে। ০৯টি সার্টিফিকেট মামলা চলমান রয়েছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতির পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, আগামী ২০-৩১ আগস্ট, ২০২৩ তারিখ গ্রামভিত্তিক অস্ত্রবিহীন মৌলিক প্রশিক্ষণ ডাবর ইউনিয়নের রুকুনপুর নুরানী হাফেজিয়া মাদ্রাসায় চলবে। প্রশিক্ষণে মোট ৬৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করবে। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | গ্রামভিত্তিক অস্ত্রবিহীন মৌলিক প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ঋণ বিতরণ, সঞ্চয় আদায় ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সদস্যপদ প্রত্যাহার ও সদস্য অন্তর্ভুক্তির কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতিতে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম প্রক্রিয়া চালু করা হয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, ১২ জন স্টাফ নিয়ে ৩টি কক্ষে অফিসের কার্যক্রম পরিচালনা করা হয়। কিন্তু কক্ষগুলো অত্যন্ত পুরাতন এবং জরাজীর্ণ হওয়ার কারনে নানামুখী সমস্যা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ পরিবেশে অফিসের কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | জরাজীর্ণ ভবন থেকে অন্যত্র অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, চলতি বর্ষা মৌসুমে বেশী বেশী বৃক্ষরোপণের জন্য সবাইকে আহবান জানান। বন বিভাগের নার্সারী কেন্দ্রে বিক্রয় ও বিতরণের জন্য পর্যাপ্ত চারা রয়েছে। সরকারি মূল্যে বিভিন্ন | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |

<table>
<tr><td></td><td>প্রজাতির চারা ক্রয়ের জন্য অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>২৫। পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, উপজেলা পরিষদের বাসাবাড়ী ও অফিসসমূহে বিদ্যুতের বকেয়া বিল পাওনা রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিলসমূহ দ্রুত পরিশোদের জন্য তিনি সভায় অনুরোধ জানান।</td><td>বিস্তারিত আলোচনায় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়।</td><td>১। সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি</td></tr>
<tr><td>২৬। উপজেলা পরিসংখ্যান অফিস</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার</td></tr>
<tr><td>২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কাহারোল উপজেলায় অবকাঠামো ও উন্নয়ন খাতে মোট ৪০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। আগামী ৩১ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলা হতে গৃহীত প্রকল্প প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণের লক্ষ্যে কাহারোল উপজেলার ন্যাস্তকৃত বিভিন্ন বিভাগ হতে প্রকল্প প্রস্তাব চাওয়া হলে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ২টি উপ-প্রকল্পের প্রস্তাব কমিটি কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রস্তাবিত উপ-প্রকল্পের নাম</th><th>সংশ্লিষ্ট বিভাগের নাম</th></tr>
<tr><td>০১</td><td>মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য জোড়া বেঞ্চ ক্রয় ও সরবরাহ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর</td></tr>
<tr><td>০২</td><td>(ক) সুন্দরপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য শ্রেণিকক্ষ নির্মাণ।<br>(খ) ইছাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য শ্রেণিকক্ষ নির্মাণ।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর</td></tr>
</table>
বিস্তারিত আলোচনায় প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত উপরোক্ত ২টি উপ-প্রকল্প বিষয়ে পার্শ্ববর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>বিস্তারিত আলোচনায় প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)</td></tr>
<tr><td>২৭। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর</td><td>কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।</td><td>কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর।</td></tr>
<tr><td>২৮। তথ্যসেবা কেন্দ্র</td><td>তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td>২৯। ইসলামিক ফাউন্ডেশন</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার</td><td>প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার,</td><td>ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন।</td><td>ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
<tr><td>৩০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়।</td><td>ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স</td></tr>
<tr><td>৩১। উপজেলা পাট অফিস</td><td>উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>বিবিধ-০১</td><td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ০১/০৭/২০২৩ হতে ১৬/০৮/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>০৩/০৭/২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন, ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান।</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>০৩/০৭/২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে জুন, ২০২৩ মাসের বাড়ী ভাড়া প্রদান।</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>০৩/০৭/২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন/২০২৩ সম্মানী ভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>০৩/০৭/২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>০৩/০৭/২০২৩-মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, কাহারোল,দিনাজপুরকে জীপ গাড়ীর জুন,২০২৩ মাসের জ্বালানী বিল বাবদ।</td><td>২৬,১০৮/-</td></tr>
<tr><td>৬</td><td>০৪/০৭/২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩০০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>০৪/০৭/২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>০৪/০৭/২০২৩- জনাব মোঃ আইনুল হক, পিতা-মোঃ আব্দুল আজিজ, দ্বীপনগর, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান।</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>০৪/০৭/২০২৩-জনাব মোঃ বাবুল হোসেন, পিতা-মৃত- বেলাল হোসেন, গ্রাম- সরুজ্ঞা, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান।</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>০৪/০৭/২০২৩-জনাব মাহফুজ আহমেদ,পরিছন্নকর্মী, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান।</td><td>১৬৫০০/-</td></tr>
<tr><td>১১</td><td>০৪/০৭/২০২৩-জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে জুন,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান।</td><td>১৬৫০০/-</td></tr>
<tr><td>১২</td><td>০৪/০৭/২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কাহারোল, দিনাজপুরকে বাসাবাড়ীর রক্ষনাবেক্ষন বিলের বাবদ চেক প্রদান।</td><td>২১৫০/-</td></tr>
<tr><td>১৩</td><td>০৪/০৭/২০২৩-মেসার্স বুজদা টেডার্স, ফকির পাড়া, দিনাজপুরকে পূর্বের অর্থ বছরের অফিসের হলরুম পরিবর্তনের বিল বাবদ</td><td>৩,৫০,০০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>০৫/০৭/২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে জুন, ২০২৩ মাসের ভ্রমণ ভাতা বাবদ চেক প্রদান।</td><td>৭,৫০০/-</td></tr>
<tr><td>১৫</td><td>০৫/০৭/২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে এপ্রিল হতে জুন/২০২৩ ভ্রমণ</td><td>১৫,০০০/-</td></tr>
</table></td><td>০১/০৭/২০২৩ হতে ১৬/০৮/২০২৩ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা= ৮,৪৬,৩০৬/- (কথায়- আট লক্ষ ছিচল্লিশ হাজার তিনশত ছয় টাকা ব্যয় অনুমোদন করা হয়।)</td><td></td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ভাতা বাবদ চেক প্রদান | | | |
| | ১৬ | ০৫/০৭/২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৫,০০০/- | | |
| | ১৭ | ০১/০৮/২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই, ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৪০,০০০/- | | |
| | ১৮ | ০১/০৮/২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই, ২০২৩ মাসের বাড়ী ভাড়া প্রদান। | ৫,০০০/- | | |
| | ১৯ | ০১/০৮/২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই/২০২৩ সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- | | |
| | ২০ | ০১/০৮/২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- | | |
| | ২১ | ০২/০৮/২০২৩-মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, কাহারোল,দিনাজপুরকে জীপ গাড়ীর জুলাই,২০২৩ মাসের জ্বালানী বিল বাবদ। | ২৫,৪৪৮/- | | |
| | ২২ | ০৩/০৮/২০২৩-জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে জুলাই,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭,০৫০/- | | |
| | ২৩ | ০৩/০৮/২০২৩-জনাব মাহফুজ আহমেদ,পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুন,২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭,০৫০/- | | |
| | ২৪ | ০৩/০৮/২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- | | |
| | ২৫ | ০৩/০৮/২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুরকে জুলাই,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- | | |
| | ২৬ | ০৬/০৮/২০২৩-জনাব মোঃ বাবুল হোসেন, পিতা- মৃত আকরব আলী, গ্রাম- পৌরিয়া, কাহারোল,দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- | | |
| | ২৭ | ০৮/০৮/২০২৩ -স্বপন চন্দ্র রায়, পিতা- মৃত- কৃষ্ণকান্ত রায়, সাং- পাইকপাড়া, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- | | |
| | ২৮ | ০৮/০৮/২০২৩-জনাব মোঃ এনামুল ইসলাম, পিতা- মৃত- সুকুরু মোহাম্মদ, সাং- সুন্দরপুকুর, কাহারোল,দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- | | |
| | ২৯ | ০৮/০৮/২০২৩-জনাব মোঃ সুজন আলী, পিতা- মৃত- সুকুরু মোহাম্মদ, সাং- সুন্দরপুকুর, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- | | |
| | ৩০ | ০৮/০৮/২০২৩-জনাব রিতু রায়, স্বামী- সুশীল চন্দ্র রায়, সাং- পাইক পাড়া, কাহারোল, দিনাজপুরকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- | | |
| | | মোট | ৮,৪৬,৩০৬/- | | |
| বিবিধ-০২ | | <u>উপজেলা পরিষদ কর্মচারীগণের চাকুরী স্থায়ীকরণঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত উপজেলা পরিষদে নিয়োগ ছাড়পত্রের আলোকে একজন সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও একজন গাড়ী চালক এ উপজেলা পরিষদে নিয়োগ দেওয়া হয়। উক্ত নিয়োগকৃতদের চাকুরী স্থায়ীকরণ করা প্রয়োজন মর্মে জনাব ধর্ম নারায়ন অধিকারী, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং জনাব বিষ্ণু চন্দ্র রায়, গাড়ীচালক তাদের সরকারী চাকুরীতে স্থায়ীকরণের জন্য পৃথকভাবে আবেদন করেছেন।<br>বর্ণিত কর্মচারীগণের সার্ভিস বুক ও অন্যান্য রেকর্ডপত্র যাচাই অন্তে তাদের চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় এবং তাদের বিরুদ্ধে | | কাহারোল উপজেলা পরিষদে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর জনাব ধর্ম নারায়ন অধিকারী এবং গাড়ীচালক জনাব বিষ্ণু চন্দ্র রায় তাদের চাকুরীকাল দক্ষতা ও সুনামের সাথে শিক্ষানবিশকাল অতিবাহিত করায় নিয়োগকৃত পদ দুটি সরকারি চাকুরীতে সর্বসম্মতিক্রমে স্থায়ীকরণ করা হয় এবং এ স্থায়ীকরণের বিষয়টি স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়কে অবহিত | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। |

<table>
<tr><td></td><td>বিরূপ কোন মন্তব্য না থাকায় তিনি তাদের সরকারি চাকুরীতে স্থায়ীকরণের বিষয়ে সভায় প্রস্তাব করেন।</td><td>করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।</td><td></td></tr>
<tr><td>বিবিধ-০৩</td><td><u>কাহারোল উপজেলা পরিষদ চত্বরে মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের ০১ একর জমি প্রতিকী মূল্যে অধিগ্রহণঃ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান, কাহারোল উপজেলা পরিষদ চত্বরটি ৯.৬১ একর জমির উপরে অবস্থিত। উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রাণিসম্পদ অফিস, উপজেলা আনসার ভিডিপি অফিস, উপজেলা সাব-রেজিস্ট্রি অফিস নির্মাণের ফলে অধিকাংশ জায়গা কমে গেছে। এছাড়া উপজেলা পরিষদ চত্বরে একটি বৃহৎ লেক এবং ছোট-বড় কয়েকটি পুকুর থাকায় নতুন ভবন নির্মাণের কোন জায়গা বর্তমানে নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান উপজেলা মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণের জন্য ৫.৫০ শতাংশ জমির প্রয়োজন। অতি দ্রুত জায়গা নির্বাচন করা প্রয়োজন।<br>সভাপতি জানান উপজেলা পরিষদ চত্বর সংলগ্ন মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের প্রায় ১.০০ একর জমি পরিত্যক্ত অবস্থায় থাকায় উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনা নির্মাণের জন্য ১.০০ একর জমি মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের নিকট হতে প্রতিকী মূল্যে অধিগ্রহণ করা প্রয়োজন।<br>আলোচনায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, অত্র দপ্তরের উপজেলা পর্যায়ের ভূমি প্রতিকী মূল্যে অধিগ্রহণের ক্ষেত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন রয়েছে।</td><td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রতিকী মূল্যে মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের জমি অধিগ্রহণের জন্য এ সংক্রান্ত পত্র মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১) উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।<br>২) সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর।</td></tr>
<tr><td>বিবিধ-০৪</td><td><u>ফগার মেশিন ক্রয়ঃ</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ ক্যাম্পাসে প্রতি বর্ষাকালে আগাছা বৃদ্ধির ফলে প্রচুর মশার উপদ্রব হয়। তাই মশার উপদ্রব রোধে ফগার মেশিন ক্রয়ের জন্য ১টি প্রকল্প গ্রহণ করা প্রয়োজন।<br><br>আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক কাহারোল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে “কাহারোল উপজেলা পরিষদ ক্যাম্পাসে মশা নিধনের ফগার মেশিন ক্রয় প্রকল্প, প্রাক্কলিত ব্যয় টাকা- ১,৪০,০০০/-” শিরোনামে ১টি প্রকল্প গ্রহণ করা হয়। যা নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে বাস্তবায়িত হবে।<br><br>প্রকল্প বাস্তবায়ন কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ ক্যাম্পাসের মশা নিধনের জন্য বর্ণিত প্রকল্প প্রস্তাব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td><td>১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td></tr>
</table>

<table>
<tr>
<td>বিবিধ-০৫</td>
<td>
<u>ক্লোজ সার্কিট ক্যামেরা (CC Camera) ক্রয়, স্থাপন ও রক্ষণাবেক্ষণঃ</u>
উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার সভায় জানান, বর্তমানে কাহারোল উপজেলা পরিষদের নিরাপত্তা একটি স্পর্শকাতর বিষয় এবং নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া প্রয়োজন।
তিনি জানান, কাহারোল উপজেলা পরিষদ ক্যাম্পাসে সার্বক্ষণিক নজরদারির জন্য স্থাপিত ক্লোজ সার্কিট ক্যামেরাগুলো (CC Camera) পুরাতন হওয়ায় এবং ডিভিআর (DVR) প্রযুক্তির হওয়ায় বেশিরভাগ সময়ই ত্রুটি পাওয়া যায়। যা শতভাগ নিরাপত্তার ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি করে এবং অনেক সময় প্রয়োজন অনুযায়ী ত্রুটিজনিত রেকর্ডকৃত ভিডিও যাচাই করা সম্ভব হয় না।
সভায় তিনি জানান প্রেক্ষাপট বিবেচনায় এবং কাহারোল উপজেলা পরিষদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় ক্লোজ সার্কিট ক্যামেরার CC Camera) সার্বিক সিস্টেমটি নতুন করে আপডেট করা প্রয়োজন।
উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে।
ক্লোজ সার্কিট ক্যামেরার আপডেটেড সংস্করণ IP Camera এবং NVR এর সমন্বয়ে উপজেলা পরিষদ ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়নের জন্য “ক্লোজ সার্কিট ক্যামেরা (CC Camera) ক্রয়, স্থাপন ও রক্ষণাবেক্ষণ প্রকল্প, প্রাক্কলিত ব্যয় ৩,০০,০০০/-” শীর্ষক প্রকল্প সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। যা নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে বাস্তবায়িত হবে।
প্রকল্প বাস্তবায়ন কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ আব্দুস সালাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে কাহারোল উপজেলা পরিষদ ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তার স্বার্থে উপস্থাপিত প্রকল্প প্রস্তাব এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১- ৮৫৮

তারিখ: ভাদ্র, ১৪৩০
২২ সেপ্টেম্বর,২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ন ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ....................................................................................
১৪। অফিস কপি।

২২/০৯/২০২৩

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd